

ভিডিও

সাক্ষাৎকার

ছবি

ভর্তি

বেসরকারি মেডিকলে এমবিবিএস কোর্সে ভর্তিতে পুনঃ আবেদন শুরু

নিজস্ব প্রতিবেদক ঢাকা



By using this site, you agree to our Privacy Policy. OK

বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিতে পুনরায় **আবেদন** শুরু হয়েছে গতকাল মঙ্গলবার (২১ মে) থেকে। আগামী ৮ জুন পর্যন্ত শিক্ষার্থীরা ভর্তি হতে পারবেন।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘২০২৩-২৪ শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজে সংশ্লিষ্ট শূন্য আসনে নিজ অর্থায়নে ভর্তি-ইচ্ছুক দেশি শিক্ষার্থী ভর্তিতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হয়েছে। ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা টেলিটকের মাধ্যমে **অনলাইনে** তে আবেদন করতে পারবেন। ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা অনলাইন আবেদনপ্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন।’

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ২১ মে শুরু হয়ে আবেদন চলবে ৮ জুন রাত ১২টা পর্যন্ত। ৯ জুন রাত ১২টা পর্যন্ত আবেদন ফি জমা দেওয়া যাবে। এ ছাড়া ১৩ জুনের মধ্যে প্রাথমিক নিশ্চায়ন করতে হবে। পরে ২৭ জুন ভর্তি শুরু হয়ে চলবে ৮ জুলাই পর্যন্ত।

আবেদন ফি কত

বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তিতে আবেদন ফি ধরা হয়েছে ৯০০ টাকা। অতিরিক্ত আরও ১০০ টাকা দিতে হবে নিশ্চায়নের জন্য।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো